

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ)
সদর কার্যালয়, বিআরটিএ ভবন
নতুন বিমানবন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২।
www.brta.gov.bd

স্মারক নম্বর ৩৫.০৩.০০০০.০০৪.১৪.০২৫.২৩- ২৪৮

তারিখ: ১৩ মার্চ ২০২৪খ্রি.

বিষয়: বিআরটিএ'র সার্কেল অফিসে ম্যানুয়াল পদ্ধতিতে (অফলাইনে ওল্ড ফ্লো-এর মাধ্যমে) নতুন ড্রাইভিং লাইসেন্সের আবেদন, ড্রাইভিং লাইসেন্স নবায়নের আবেদন, প্রতিলিপির আবেদন, ড্রাইভিং লাইসেন্সের তথ্য সংশোধনের আবেদন গ্রহণ কার্যক্রম বন্ধকরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নিউ ফ্লো সিস্টেমে (অনলাইনে) ড্রাইভিং লাইসেন্স নবায়নের আবেদন, প্রতিলিপির আবেদন, ড্রাইভিং লাইসেন্সের তথ্য সংশোধনের আবেদন চালু থাকা সত্ত্বেও সার্কেল অফিসে ম্যানুয়াল পদ্ধতিতে (অফলাইনে ওল্ড ফ্লো-এর মাধ্যমে) উক্ত সেবা সমূহের আবেদন গ্রহণ করা হয় এবং ডিএলএস সিস্টেমে ডাটা এন্ট্রি পূর্বক গ্রাহকের আবেদন প্রসেস করা হয়। বায়োমেট্রিক প্রদান করেন। ওল্ড ফ্লো-এর স্মার্ট কার্ড পেতে বিলম্ব হওয়ায় উক্ত গ্রাহক পুনরায় একই আবেদন অনলাইনে (নিউ ফ্লো এর মাধ্যমে) দাখিল করেন। কিছু ক্ষেত্রে এর বিপরীত চিত্রও পরিলক্ষিত হয়। ফলে, নিউ ফ্লো এবং ওল্ড ফ্লো, দুটি পদ্ধতিতে একই আবেদন জমা হওয়ার কারণে এমএসপিপিএল (MSPPL) এর স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং সিস্টেম(DLS)-এ অনাকাঙ্ক্ষিত জটিলতার সৃষ্টি হচ্ছে। এর ফলে উক্ত আবেদনকারীর স্মার্ট কার্ড ড্রাইভিং লাইসেন্স প্রিন্টিং কার্যক্রম আরো বিলম্বিত হচ্ছে।

২। এমতাবস্থায়, ভবিষ্যতে এ ধরনের অনাকাঙ্ক্ষিত জটিলতা নিরসনের লক্ষ্যে আগামী ১৮ মার্চ, ২০২৪ তারিখ থেকে বিআরটিএ'র সার্কেল অফিসে ম্যানুয়াল পদ্ধতিতে (অফলাইনে ওল্ড ফ্লো-এর মাধ্যমে) নতুন ড্রাইভিং লাইসেন্সের আবেদন, ড্রাইভিং লাইসেন্স নবায়নের আবেদন, প্রতিলিপির আবেদন, ড্রাইভিং লাইসেন্সের তথ্য সংশোধনের আবেদন গ্রহণ কার্যক্রম বন্ধ থাকবে।

৩। শুধুমাত্র প্রতিরক্ষা বাহিনীর আবেদন গ্রহণ ও DLS-এ কার্যক্রম করা যাবে। উল্লিখিত তারিখের পূর্বে গৃহীত সকল ধরন আবেদনের কার্যক্রম দ্রুততার সাথে সম্পাদন করার ব্যবস্থা করতে হবে। এছাড়াও নিউ ফ্লো চালুর পূর্বে যে সকল আবেদনকারী নতুন ড্রাইভিং লাইসেন্স, শ্রেণী সংযোজন/উন্নয়ন বা পেশাদার নবায়ন পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন তারা এবং বিদেশি নাগরিকগণ (ডিপ্লোমেটসহ) বিদ্যমান ওল্ড ফ্লো'র মাধ্যমে আবেদন করতে পারবে।



(মোঃ ইব্রাহীম খলিল)
উপপরিচালক (ইঞ্জিঃ)
ড্রাইভিং লাইসেন্স শাখা
ফোন:০২-৫৫০৪০৭৩৬

ই-মেইল: dde_license@brta.gov.bd

বিতরণ:

- সহ: পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএসার্কেল,(সকল)।
- মোটরযান পরিদর্শক/সহকারী রাজস্বকর্মকর্তা, বিআরটিএসার্কেল,(সকল)।
- ব্যবস্থাপনা পরিচালক, কম্পিউটার নেটওয়ার্ক সিস্টেমস্ (সিএনএস) লি., হাউজ নং ৯৬৭, রোড নং ১৫, এভিনিউ-২, মিরপুর ডিওএইচএস, ঢাকা-১২১৬ [বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের নিমিত্ত প্রয়োজনীয় সহায়তা প্রদানের অনুরোধসহকারে]।
- Managing Director, Madras Security Printers Private Ltd, 72 (old no:781), T.H. Road, Chennai - 600081, India. (Attention: Country Director Local representative of Madras Security Printers Private Ltd for coordination). [Please take neccsery initiative to take biometric on exam date of the applicants.]

অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) (সদয় অবগতি ও কার্যার্থে):

- পরিচালক (প্রশাসন/এনফোর্সমেন্ট/অডিট ও আইন/ইঞ্জিঃ/অপারেশন/প্রশিক্ষণ/রোডসেফটি) বিআরটিএ, সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২।
- পরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ ।
- উপপরিচালক (ইঞ্জিঃ), বিআরটিএ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ ।
- চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা-১২১২।
- অফিস কপি।